

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম  
[www.macademy.gov.bd](http://www.macademy.gov.bd)

নং ১৮.১৮.১৫০৪.৪৫২.৯৯.০২.২০১৮- ২৭২

২০ আগস্ট ২০১৮ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ মেরিন একাডেমিতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ৫৫ ব্যাচে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৪ সেপ্টেম্বর ২০১৮ তারিখ হতে গুপ ভিত্তিক অনুষ্ঠিতব্য শারীরিক যোগ্যতা পরীক্ষায় অংশগ্রহণের জন্য তারিখ পুনঃ নির্ধারণ করা হয়েছে।

বাংলাদেশ মেরিন একাডেমিতে ভর্তিচ্ছু সকলের জন্য পত্রিকায় প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী নিম্নবর্ণিত শর্তসমূহ আবশ্যিকীয়:-

ক) মাধ্যমিক /সমমান (বিজ্ঞান) ও উচ্চ মাধ্যমিক /সমমান (বিজ্ঞান) উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০ অর্জন,

খ) মাধ্যমিক /সমমান (বিজ্ঞান) ও উচ্চ মাধ্যমিক /সমমান (বিজ্ঞান) পরীক্ষায় পদার্থ ও গণিত বিষয়ে পৃথকভাবে জিপিএ ৩.৫০ এবং ইংরেজি বিষয়ে ন্যূনতম জিপিএ ৩.০০ অথবা IELTS গড় স্কোর ৫.৫ অর্জন,

গ) ইংরেজি মাধ্যমের পরীক্ষার্থীদের জন্য 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ৩ টি বিষয়ে A গ্রেড এবং ২ টি বিষয়ে B গ্রেড এবং 'এ' লেভেলে ন্যূনতম ২ টি বিষয়ে B গ্রেড পেয়ে উত্তীর্ণ। উভয় পরীক্ষায় পদার্থ ও গণিত বিষয় থাকতে হবে।

বিগত ১৩জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় প্রকাশিত উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মধ্যে যে সকল পরীক্ষার্থী এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফল প্রকাশ পরবর্তী উল্লেখিত বিষয় সমূহে নির্ধারিত জিপিএ অর্জনে ব্যর্থ হয়েছে তাদের নির্ধারিত তারিখে শারীরিক যোগ্যতা পরীক্ষায় উপস্থিত হওয়ার কোন প্রয়োজন নাই।

স্বাক্ষরিত  
কমান্ড্যান্ট  
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।